

এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড)

বিষয় : বাংলা ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০২

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়।]

১। (ক) উদাহরণসহ বাংলা স্বরধ্বনি 'অ'-এর উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ।

যজ্ঞ, খাদ্য, স্মরণ, সমন্বয়, আহ্বান, গ্রীষ্ম, দুঃখ, জনসংখ্যা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানে 'ই' ও 'ঈ' কার ব্যবহারের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখ :

দৈন্যতা, রুগ্ন, ঔজ্জ্বল, মনোকষ্ট, নমস্কার, পরিবারবর্গ, মুমূর্সু, আকাংখ্যা

৩। (ক) উদাহরণসহ ক্রিয়ার কর্মপদের শ্রেণিবিভাগ কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদে রেখাঙ্কিত পদগুলোর নাম লেখ :

কালো মেঘে আকাশ ছেয়ে আছে। হঠাৎ টিপটিপ বৃষ্টি শুরু হলো।  
কাদের ভাঙা ছাতা দিয়ে বৃষ্টি ঠেকানোর চেষ্টা করছিল। তার  
বেখেয়ালি মন হালকা বৃষ্টি আর মৃদু হাওয়ায় অস্থির হয়ে উঠল।  
তার খাওয়া হলো না।

৪। (ক) নিচের যেকোনো পাঁচটি শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : ৫

ফিবছর, স্বাক্ষর, বহুব্রীহি, দম্পতি, উপশহর, জলজ, তেমাথা, ইন্দ্রজিৎ।

অথবা, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো পাঁচটি) :

নায়ক, বার্ষিক, পাস্তা, দ্রাঘিমা, বক্তব্য, মেঠো, ডাকাত, পাঠক ।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা দরকার? উদাহরণসহ ব্যাখ্যা কর । ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো পাঁচটি) :

(i) বাড়িটা তারা দখল না করে ছাড়েনি । (অস্তিবাচক)

(ii) সে একটু বিস্মিত হয় । (নেতিবাচক)

(iii) আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি । (যৌগিক বাক্য)

(iv) দৃশ্যটি বড়ই সুন্দর । (বিস্ময়সূচক)

(v) দেশের সেবা করা সকলের কর্তব্য । (অনুজ্ঞাসূচক)

(vi) এতে দোষ নেই । (প্রশ্নবাচক)

(vii) ভালো ছেলেরা শিক্ষকের আদেশ পালন করে । (মিশ্র)

(viii) ধনীরা প্রায় কৃপণ হয় । (জটিল)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ : ৫

(i) আমি এই ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি ।

(ii) তাহার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি ।

(iii) সকল পাখিরা বাসা তৈরি করিতে পারে না ।

(iv) তিনি আরোগ্য হলেন ।

(v) এ কথা প্রমাণ হয়েছে ।

(vi) পরবর্তীতে আপনি আসবেন ।

(vii) পূর্বদিকে সূর্য উদয় হয় ।

(viii) আপনি স্বপরিবারবর্গ আমন্ত্রিত ।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :

দেশটি কেমন মরার দেশ? শস্যগুণ্য। শস্য যা-বা হয় তাহা জনবাহুল্যতার তুলনায় যৎসামান্য। সেই হচ্ছে মুসকিল। এরা তাই দেশত্যাগ করে। ত্যাগ করিয়া স্বদলবলে বাহির হইয়া ছড়িয়ে পড়ে।

### খ-বিভাগ (নির্মিত)-৭০

৭। (ক) যেকোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Epic, Octave, Embargo, Cabinet, Copyright, Dialect, Fiction, Legend, Terminate, Phonetics, Sabotage, Subsidy, Terminology, White paper, Oath.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Salma called him, She was a small, black woman, with a bold ut grave face. Once could tell by her small eyes full of life and warmth that she had once been beautiful. But time and bad conditions do not favour beauty. All the same, Salma had retained her full smile— that lit up her dark face.

"Would you like to go to School?"

'O' mother!' Karim hasped. He half feared that the woman might withdraw her words. There was a little silence till she said. We are poor. "You know that."

৮। (ক) একটি শীতকালের সকালের অভিজ্ঞতা বর্ণনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজে 'জঙ্গিবাদবিরোধী মতবিনিময় সভা' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ছোটো ভাইকে খেলাধুলায় আগ্রহী করে তুলতে ১০টি বাংলা বাক্যের একটি বৈদ্যুতিন বার্তা রচনা কর। ১০

অথবা, (খ) একটি বেসরকারি সাহায্য সংস্থার উন্নয়নকর্মী পদে চাকরির জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লিখ :

১০

আমরা ছেলেকে স্কুল-কলেজে পাঠিয়ে ভাবি যে, শিক্ষা দেয়ার সমস্ত কর্তব্য পালন করলাম। বৎসরের পর বৎসর পাস করে গেলেই অভিভাবকরা যথেষ্ট তারিফ করেন। কিন্তু তলিয়ে দেখেন না যে, কেবল পাস করলেই বিদ্যার্জন হয় না। বাস্তবিকপক্ষে ছাত্রের বা সন্তানের মনে জ্ঞানানুরাগ বা জ্ঞানের প্রতি আনন্দজনক শ্রদ্ধার উদ্রেক হচ্ছে কি না, তাই দেখবার জিনিস। জ্ঞানচর্চার মধ্যে যে এক পরম রস ও আত্মপ্রসাদ আছে, তার স্বাদ কোনো শিক্ষার্থী এক বিন্দুও পায় না।

অথবা, (খ) ভাবসম্প্রসারণ কর :

তুমি অধম, তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?

১১। (ক) বাংলাদেশ অনূর্ধ্ব ১৬ নারী ফুটবল দলের সাম্প্রতিক সাফল্য বিষয়ে দু-বন্ধুর কথোপকথন রচনা কর।

১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'বৃষ্টি, বৃষ্টি' বিষয়ে একটি খুদে গল্প রচনা কর।

খুদে গল্প রচনা কর।

মতি মিয়া দ্রুত পায়ে হাঁটছিল।

আকাশ অন্ধকার হয়ে আছে যেকোনো সময় বৃষ্টি নামতে পারে আজ সঙ্গে করে ছাতাটাও নিয়ে আসেনি।

১২। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ :

২০

(ক) স্বদেশপ্রেম;

(খ) আধুনিক জীবনে বিজ্ঞান;

(গ) নিরাপদ সড়ক চাই;

(ঘ) বিশ্বায়ন ও বাংলাদেশ;

(ঙ) রূপসি বাংলা।